গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভাটারা ইউনিয়ন পরিষদ কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
bhataraup@gmail.com

ভাটারা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী জামালপুরের জুলাই ও আগষ্ট /২০২০ মাসের ইউনিয়ন উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবণী :

সভাপতি : জনাব মোঃ বোরহান উদ্দিন বাদল
চেয়ারম্যান, ভাটারা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
স্থান : ইউনিয়ন পরিষদ হলরুম

তারিখ : ৩১-০৮-২০২০ খ্রিঃ
সময় : বেলা ১০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'
শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ইউনিয়ন পরিষদের উন্নয়ন সমন্বয় সভার কাজ আরম্ভ করেন। অত:পর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য ইউনিয়ন কর্মরত: ইউপি সচিব সাহেবকে অনুরোধ জানান। ইউপি সচিব সাহেব বিগত সভার কার্যবিবণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত: পর নিম্ন লিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহীত হয়।

| ক্রমিন নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ব্যক্তি |
|---|---|---|---|---|
| ১ | ক) বন্যার পরবর্তী গবাদি পশু ও হাসমুরগি টিকা প্রদান প্রসঙ্গে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। খ) আসন্ন শীতে বার্ডফ্লু নিয়ন্ত্রনের জন্য অত্র ইউনিয়নে প্রবেশ ও বহি:মুখে জীবাণুনাশক স্প্রে স্থাপন করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদের নিকট আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ইউনিয়ন ভেটেনারী ফিল্ড এসিস্টেন পলাশ সাহেব সভাকে জানান যে, বন্যার পরবর্তী রোগের প্রাদুর্ভব হইতে বাচার জন্য বিভিন্ন রোগের টিকা প্রদান করা হয়। গবাদি প্রাণির টিকা- ১৫৮৫৬ মাত্র এবং হাসমুরগীর টিকা ১,৭২,১৬০০ গবাদির পশুর খড়ের দাম বেশী হওয়ার জন্য খামারী এবং কৃষকদের ঘাস চাষের উদ্ভুদ্ধ করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদের সকল সদস্যদের সহযোগীতা কামনা করা হয়। অত্র দপ্তর থেকে এবং জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র হইতে ঘাসের কাটিং বিতরণ করা হয়। আসন্ন শীতে বার্ডফ্লু নিয়ন্ত্রনের জন্য অত্র ইউনিয়নে প্রবেশ ও বহি:মুখে জীবাণুনাশক স্প্রে স্থাপন করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদের নিকট আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক) বন্যার পরবর্তী গবাদি পশু ও হাসমুরগি টিকা প্রদান প্রসঙ্গে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। খ) আসন্ন শীতে বার্ডফ্লু নিয়ন্ত্রনের জন্য অত্র ইউনিয়নে প্রবেশ ও বহি:মুখে জীবাণুনাশক স্প্রে স্থাপন করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদের নিকট আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ক) ইউনিয়ন ভেটেনারী ফিল্ড এসিস্টেন খ) ইউনিয়ন ভেটেনারী ফিল্ড এসিস্টেন |
| ২ | ক) মাতৃত্বকালীন ভাতা ভোগীদের তালিকা নির্ধারীত তারিখে জমা দেওয়ার প্রসঙ্গে। খ) প্রশিক্ষণ কার্যক্রম | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান ভিজিডি ০৮ ইউনিয়নে বিতরণ করা হয়েছে। তাছাড়া ২০২১-২০২২ ভিজিডি চক্রের জন্য নতুন চুড়ান্ত তালিকা পাওয়া গিয়াছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতাভোগীরে উর্ত্তীর্ণ এবং | ক) মাতৃত্বকালীন ভাতা ভোগীদের তালিকা নির্ধারীত তারিখে জমা দেওয়ার প্রসঙ্গে। খ) প্রশিক্ষণ কার্যক্রম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

মোঃ বোরহান উদ্দিন বাদল
চেয়ারম্যান
০৬নং ভাটারা ইউনিয়ন পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর

| | | | | |
|---|---|---|---|---|
| | যথাযথ ভাবে চলমান রাখতে হবে। | ভাটারা ইউনিয়নে জন্য ৫০ জন নতুন সুবিধা ভোগীর নির্বাচনের বরাদ্দ পাওয়া গেছে। তাছাড়া প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | যথাযথ ভাবে চলমান রাখতে হবে। | |
| ৩। | সকল প্রকার ভাতাভোগীদের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে এবং বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচন যথাযথ নিয়মে করতে হবে। | ইউনিয়ন সমাজসেবা কর্মী সভায় জানান ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য বরাদ্দকৃত বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার নতুন অতিরিক্ত বরাদ্দ অনুযায়ী ভাতা বাছাই করা হয়েছে, ভাতার বই বিতরণ করা হয়েছে। ভাতার অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হতে প্রদান করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারমূলক সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সরিষাবাড়ী উপজেলা ২০২০-২০২১ অর্থ বছরে শতভাগ বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদানে নিমিত্তে www.bhata.gov.bd অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য অনলাইনে আবেদন ব্যতীত কেহ বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাভাতা প্রাপ্য হবেন না। এছাড়া সরিষাবাড়ী উপজেলা ভাটারা ইউনিয়নে বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা (G2P) পদ্ধতিতে প্রদানে নিমিত্তে MIS এ ডাটা এন্টি ও NID Validation করার নির্দেশনা রয়েছে। উক্ত কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজ কর্মীর সাথে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের (UDC) উদ্যেক্তাদের সম্পৃক্ত করা হয়েছে। উক্ত কাজ বাস্তবায়নে সার্বিক সহযোগীতা করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এ ছাড়া ও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সকল প্রকার ভাতাভোগীদের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে এবং বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচন যথাযথ নিয়মে করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মী |
| ৪ | ২০১৯-২০২০ অর্থ বছরে এলজিএসপি-৩ এর বিবিজি ভিত্তিক মোট ২৩,৬২,৯৮০ টাকা এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে এলজিএসপি-৩ দক্ষতার (পিবিজি) অব্যয়িত ৩২,৪৯৩ টাকার এবং সর্বমোট | সভার আলোচনা বিষয়ের প্রেক্ষিতে জনাব মোঃ আতিকুর রহমান ইউপি সদস্য সাহেব সভাকে জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে এলজিএসপি-৩ এর বিবিজি ভিত্তিক মোট ২৩,৬২,৯৮০ টাকা এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে এলজিএসপি-৩ দক্ষতার (পিবিজি) অব্যয়িত ৩২,৪৯৩ টাকার এবং সর্বমোট২৩,৯৫,৪৭৩ টাকার প্রকল্প ইউনিয়ন পরিষদকতৃক প্রকল্পসমূহ অনুমোদন প্রয়োজন । উক্ত প্রস্তাবটি জনাবা জাহানারা বেগম ইউপি | ২০১৯-২০২০ অর্থ বছরে এলজিএসপি-৩ এর বিবিজি ভিত্তিক মোট ২৩,৬২,৯৮০ টাকা এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে এলজিএসপি-৩ দক্ষতার (পিবিজি) অব্যয়িত ৩২,৪৯৩ টাকার এবং সর্বমোট | ইউনিয়ন চেয়ারম্যান |

মোঃ বোরহান উদ্দিন বাদল
চেয়ারম্যান
০৬নং ভাটারা ইউনিয়ন পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর

| | | | | |
|---|---|---|---|---|
| | ২৩,৯৫,৪৭৩ টাকার বাস্তবায়ন ও অনুমোদন প্রসঙ্গে। | সংরক্ষিত আসনে মহিলা সদস্য সমর্থনে সর্বসম্মতি ক্রমে ৯টি ওয়ার্ড থেকে ওয়ার্ড রেজুলেশনে প্রকল্প সমূহ, ওয়ার্ড কমিটি ও স্কীম সুপারভিশন কমিটি পাওয়া গিয়াছে তার প্রেক্ষিতে অগ্রাধিকার ভিত্তিক ২০১৯-২০২০ অর্থ বছরের এলজিএসপি-৩ এর বিবিজি ভিত্তিক মোট ২৩,৬২,৯৮০ টাকার এবং ২০১৮-২০১৯ অর্থ বছরের এলজিএসপি-৩ এর দক্ষতার পিবিজি অব্যয়িত ৩২,৪৯৩ টাকা এবং সর্বমোট ২৩,৯৫,৪৭৩ টাকার নিম্ন বর্ণিত ভাবে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য উপজেলা-নির্বাহী অফিসার সরিষাবাড়ী জামালপুরের নিকট দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। | ২৩,৯৫,৪৭৩ টাকার বাস্তবায়ন ও অনুমোদন প্রসঙ্গে। | |
| ৫ | বিবিধ আলোচনা আর কোন আলোচনা না থাকায় | বিবিধ আলোচনা আর কোন আলোচনা না থাকায় জনাব সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যদের সু-স্বাস্থ্য কামনা করেন এবং ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন। | বিবিধ আলোচনা আর কোন আলোচনা না থাকায় | ইউনিয়ন চেয়ারম্যান |

মোঃ বোরহান উদ্দিন বাদল
চেয়ারম্যান
০৬নং ভাটারা ইউনিয়ন পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর

মোঃ বোরহান উদ্দিন বাদল
চেয়ারম্যান
৬নং ভাটারা ইউনিয়ন পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর।

মোঃ বোরহান উদ্দিন বাদল
চেয়ারম্যান
০৬নং ভাটারা ইউনিয়ন পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর